

মূলধনের দক্ষতা

মূলধনের দক্ষতা বলতে মূলত মূলধনের উৎপাদন দক্ষতাকে বোঝায়। একটি উৎপাদন প্রক্রিয়া বা ব্যবসায়িক প্রক্রিয়াতে

নিয়োজিত মূলধন ব্যয়ের হারের সাথে উৎপাদিত পণ্যের অনুপাতকে মূলধনের দক্ষতা বলে।

গাণিতিকভাবে মূলধনের দক্ষতা = {একটি নির্দিষ্ট সময়ের জন্য}

এর মাধ্যমে ব্যবসায়ীরা মুনাফা রেখা তৈরি করে সেখান থেকে পরবর্তী উৎপাদন সিদ্ধান্ত নিতে পারেন।
কেননা, অনুপাতটি

থেকে দেখা যাচ্ছে যে মূলধন ব্যয়ের হার কমে গেলে মূলধনের দক্ষতা বেড়ে গিয়ে লাভের সুযোগ বেড়ে
পায়। তাছাড়া

মূলধনের দক্ষতার পর্যায়ক্রমিক হিসাব নিকাশ দেখে বিনিয়োগকারীরা সহজেই নির্ধারণ করতে পারেন
যে ব্যবসার অবস্থা

কোন দিকে যাচ্ছে। মূলধনের দক্ষতা ব্যবহার করে উৎপাদন কর্মকর্তাগণ গতিবিধি সম্পর্কে সতর্ক
থেকে সিদ্ধান্ত নিতে

পারেন।

মূলধনের দক্ষতার নির্ধারকসমূহ

১) উৎপাদনকারী প্রতিষ্ঠানটি কোন ধরনের বাজারে থেকে তার উৎপাদন চালাচ্ছে, তার দ্বারা ঐ
প্রতিষ্ঠানের মূলধনের

দক্ষতা প্রভাবিত হয়। কেননা একেক ধরনের বাজারে একেক ধরনের উৎপাদন সিদ্ধান্ত গৃহীত হয়।

২) উৎপাদনকারী প্রতিষ্ঠানটির প্রকৃতি (বড় না ছোট, কি উৎপাদন করে, পুঁজি নিবিড় না শ্রম নিবিড়
উৎপাদন) দ্বারা ও

মূলধনের দক্ষতা নির্ধারিত হয়।

৩) দীর্ঘমেয়াদী ভারসাম্য অবস্থা থেকে ফার্মের বিচ্যুতি মূলধনের দক্ষতাকে প্রভাবিত করে। এটি ফার্মের
পণ্যের চাহিদার

পরিবর্তন বা প্রযুক্তিগত পরিবর্তনের জন্য হতে পারে।

৪) ফার্মের উৎপাদনের ব্যবস্থাপনায় পাবলিক হস্তক্ষেপ দ্বারা অনেক সময় মূলধনের দক্ষতার পরিমাণ
নির্ধারিত হয়।